গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দাকোপ, খুলনা
www.dakop.khulna.gov.bd

স্মারক নং-

তারিখ: ২৪ পৌষ ১৪২৬
০৯ জানু ২০২০

# নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন 'জনশুমারি ও গৃহগণনা ২০২১' এর লিস্টিং অপারেশন এবং মূল শুমারির গণনাকার্যক্রমে 'তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার' পদের প্যানেল গঠনের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তে শুধুমাত্র খুলনা জেলার দাকোপ উপজেলায় স্থায়ীভাবে বসবাসকারী বেকার নারী/পুরুষ এবং ছাত্র/ছাত্রীদের নিকট হতে স্বহস্তে পূরণকৃত নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্র:নং | পদের নাম | পদসংখ্যা (কম-বেশি হতে পারে) | প্রার্থীর শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|
| ০১) | সুপারভাইজার | | ১) ন্যূনতম স্নাতক পাস হতে হবে।<br>২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং স্মার্টফোন চালনায় দক্ষ হতে হবে।<br>৩) স্মার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে।<br>৪) স্মার্টফোনের স্ক্রীন-সাইজ নূন্যতম ৫.০ (পাঁচ) ইঞ্চি হতে হবে।<br>৫) ০১/০২/২০২০ তারিখে বয়স ২৩-৪০ বৎসরের মধ্যে হতে হবে।<br>৬) সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে।<br>৭) উপর্যুক্ত শর্তাবলী পূরণসাপেক্ষে সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ০২) | তালিকাকারী/ গণনাকারী | | ১) ন্যূনতম এইচএসসি বা সমমানের পাস হতে হবে।<br>২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং স্মার্টফোন চালনায় দক্ষ হতে হবে।<br>৩) স্মার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে।<br>৪) স্মার্টফোনের স্ক্রীন-সাইজ নূন্যতম ৫.০ (পাঁচ) ইঞ্চি হতে হবে।<br>৫) ০১/০২/২০২০ তারিখে বয়স ১৮-৩৫ বৎসরের মধ্যে হতে হবে।<br>৬) সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে।<br>৭) উপর্যুক্ত শর্তাবলী পূরণসাপেক্ষে সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞদের অগ্রাধিকার দেয়া হবে। |

**শর্তাবলী:**

১. নির্ধারিত আবেদন ফরম উপজেলা পরিসংখ্যান অফিস, দাকোপ, খুলনা থেকে সংগ্রহ করা যাবে এবং দাকোপ উপজেলার ওয়েবসাইট (www.dakop.khulna.gov.bd) থেকেও ডাউনলোড করা যাবে। এছাড়া, জেলা পরিসংখ্যান অফিস, সরদার টাওয়ার (৯ম তলা), ১৩/ক লোয়ার যশোর রোড, ১নং কাস্টমস ঘাট মোড়, খুলনা-৯১০০ থেকেও আবেদন ফরম সংগ্রহ করা যাবে।
২. লিস্টিং অপারেশন (ফেব্রুয়ারি/২০২০) কার্যক্রমে প্রতি তালিকাকরী ১০ (দশ) দিনে মোট ৪০০ (কম/বেশী) খানার তালিকা করবেন, মূল শুমারিতে (২-৮ জানুয়ারি-২০২১) প্রতিগণনাকারী ০৭ (সাত) দিনে মোট ১২০ (কম/বেশী) খানার তথ্য সংগ্রহ করবেন।
৩. লিস্টিং অপারেশনে মোবাইল অ্যাপস ব্যবহার পূর্বক তথ্য সংগ্রহ করতে হবে বিধায় নিজস্ব স্মার্টফোন রয়েছে এবং স্মার্টফোন পরিচালনায় দক্ষতা আছে কেবল এমন প্রার্থীগণই আবেদন করতে পারবেন।
৪. কেবল মাত্র বেকার যুবক/যুবতীরা শুমারিকর্মী হিসেবে আবেদন করতে পারবেন। চাকরিরত কোন প্রার্থীর আবেদন করার প্রয়োজন নেই।
৫. প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় (প্রযোজ্যক্ষেত্রে) অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।
৬. লিস্টিং অপারেশন/শুমারি চলাকালীন সময়ে প্রার্থী নিজেকে অন্য কোন কর্মে নিযুক্ত করতে পারবেন না।
৭. নিয়োগের অন্যান্য শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে মহিলা প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা হবে।
৮. লিস্টিং অপারেশনে নিয়োজিত তালিকাকারী ও সুপারভাইজারগণের কার্যক্রম সন্তোষজনক মর্মে প্রতীয়মাণ হলে তারা মূলশুমারিতেও যথাক্রমে গণনাকারী এবং সুপারভাইজার হিসেবে দায়িত্ব পালন করবেন।
৯. সকলপদের দরখাস্তের খামের উপর ডানপার্শ্বে পদের নাম, নিজ ইউনিয়ন/ওয়ার্ড এবং মৌজা/মহল্লার (ইউনিয়নের ক্ষেত্রে মৌজা এবং শহর/ওয়ার্ডের ক্ষেত্রে মহল্লা) নাম উল্লেখপূর্বক ০৯/০১/২০২০খ্রি. হইতে ২০/০১/২০২০খ্রি. তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নির্দিষ্ট বাক্সে সরাসরি অথবা বাহক মারফত অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌঁছাতে হবে।
১০. শুধুমাত্র লিস্টিং অপারেশনের জন্য প্রার্থীদের তালিকা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে। এছাড়াও চূড়ান্ত তালিকা দাকোপ উপজেলার ওয়েবসাইটও প্রকাশ করা হবে। একই সাথে মোবাইলে এসএমএস প্রদানের মাধ্যমে জানানো হবে।
১১. নির্বাচিত প্রার্থী প্রশিক্ষণে অনুপস্থিত থাকলে তিনি কাজ করতে আগ্রহী নন বলে গণ্য হবেন এবং তার নিয়োগ তাৎক্ষণিক বাতিল হয়ে যাবে।
১২. মূলশুমারির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের তালিকা যথাসময়ে প্রকাশ করা হবে।
১৩. **নিয়োগ সংক্রান্ত বিষয়ে এতদুদ্দেশ্যে গঠিত নিয়োগ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।**

০৯/০১/২০২০

মোঃ আবদুল ওয়াদুদ
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
জনশুমারি ও গৃহগণনা ২০২১ এর
শুমারিকর্মী নির্বাচন কমিটি
দাকোপ, খুলনা।

# আবেদন ফরম

**(শুধুমাত্র A4 সাইজ কাগজে প্রার্থী স্বহস্তে পূরণ করুন)**

**ফরম নং-**_________

(অফিস কর্তৃক পুরণীয়)

**পদের নাম: তালিকাকারী কাম গণনাকারী / সুপারভাইজার** (নির্দিষ্ট পদের উপরে টিক (√) চিহ্ন দিন)

১ প্রার্থীর নাম বাংলায় : ........................................................................................

ইংরেজি বড় অক্ষরে : ........................................................................................

২ পিতার নাম বাংলায় : ........................................................................................

ইংরেজি বড় অক্ষরে : ........................................................................................

৩ মাতার নাম বাংলায় : ........................................................................................

ইংরেজি বড় অক্ষরে : ........................................................................................

৪ বর্তমান ঠিকানা (ইংরেজি বড় অক্ষরে)
C/O : ........................................................................................
HOLDING NO : ........................................................................................
VILLAGE : ........................................................................................
MAUZA : ........................................................................................
UNION : ........................................................................................
POST Office (with post : ........................................................................................
UPAZILA : ........................................................................................

৫ জাতীয় পরিচয়পত্রের নম্বর (ইংরেজিতে) : ........................................................................................

৬ জন্ম তারিখ (ইংরেজিতে) : ........................................................................................

৭ যে মৌজায় কাজ করতে আগ্রহী (সর্বোচ্চ ০২টি মৌজার নাম লিখুন) : ........................................................................................

৮ শুমারি/ জরিপ কাজে পূর্ব অভিজ্ঞতার বিবরণ (যদি থাকে) : ........................................................................................

৯ মোবাইল নম্বর (ইংরেজিতে) : ........................................................................................

১০ নিজস্ব স্মার্টফোন আছে কিনা? (বৃত্তায়িত করুণ) | হ্যাঁ | না |

উত্তর 'হ্যাঁ' হলে, আপনার স্মার্টফোনের-

Android Verson : ......................................

স্ক্রীনসাইজ (ইঞ্চি) : ............................................

| পরীক্ষারনাম | বিভাগ/বিষয় | প্রাপ্ত জিপিএ/শ্রেণি | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, উপরে বর্ণিত তথ্যাদি সম্পূর্ণ সত্য। কোন তথ্য অসত্য প্রমানিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব। আমি আরও অঙ্গীকার করছি যে, আবেদনকৃত পদে নির্বাচিত হলে আমার উপর অর্পিত দায়িত্ব নির্দেশনা মোতাবেক নিষ্ঠা ও সততার সাথে যথাযথভাবে পালন করব।

তারিখঃ

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | 2 | 0 | 2 | 0 |

প্রার্থীর স্বাক্ষর, পূর্ণ নাম ও তারিখ

সংযুক্তিসমূহঃ

ক) সকল শিক্ষাগতযোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি।

খ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।

গ) সদ্যতোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি (রঙিন)।

ঘ) জাতীয়তা/নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত কপি।

ঙ) পূর্ববর্তী শুমারিতে অভিজ্ঞতার স্বপক্ষে উপজেলা পরিসংখ্যান অফিস হতে প্রত্যয়নপত্রের সত্যায়িত ফটোকপি।